গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

**স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মলয় চৌধুরী<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও আহ্বায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি, সোমবার, বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ। |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট-ক** |

**সভার আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ফিডব্যাক সভায় উপস্থাপনের জন্য শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-১) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, এ বিভাগের আওতাধীন দপ্তর-সংস্থাসমূহ হতে ইতোমধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এ বিভাগের মতামত/ফিডব্যাকসমূহ আজকের সভায় সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। পরে তিনি দপ্তর/সংস্থাসমূহের ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির ফিডব্যাক/মতামত সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে কমিটির সদস্যবৃন্দ ও দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ বিস্তারিত আলোচনা করেন।

০৩। সভাপতি দপ্তর-সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী নৈতিকতা কমিটির সভা ও সিদ্ধান্ত বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা, প্রশিক্ষণ আয়োজন, বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন, PIC সভা আয়োজন, বাজেট বাস্তবায়ন, প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ হস্তান্তর, সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি জানতে চাইলে দপ্তর-সংস্থাসমূহের শুদ্ধাচার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ এ বিষয়ে তাদের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। উপসচিব (সিটি কর্পোরেশন-১) এ বিষয়ে সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে স্ব স্ব ত্রৈমাসিক প্রতিবেদন অনুযায়ী মতামত/ফিডব্যাক প্রদান করেন। পরবর্তীতে তিনি এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী স্ব স্ব দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ বাস্তবায়ন সংক্রান্ত উপযুক্ত প্রমাণকসহ প্রতিবেদন নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০৪। সভায় প্রদত্ত ফিডব্যাক/সুপারিশ অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হবে মর্মে সংশ্লিষ্ট দপ্তর-সংস্থার পক্ষে উপস্থিত প্রতিনিধিগণ সভাকে অবহিত করেন।

০৫। সভাপতি ফিডব্যাক সভার সুপারিশ/মতামত অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়নসহ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি PIC সভা যথাসময়ে আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিগণের মাধ্যমে দপ্তর/সংস্থার প্রধানগণকে অনুরোধ জানান। প্রয়োজনে অনলাইনে জুম প্লাটফর্মে PIC সভা আয়োজন করার অনুরোধ জানান।

০৬। **সভার সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। | মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী স্ব স্ব দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উপযুক্ত প্রমাণকসহ নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণ ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | (১) দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠান প্রধান (সকল) (২) ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |
| ২। | সভায় প্রদত্ত ফিডব্যাক/সুপারিশের আলোকে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপযুক্ত প্রমাণকসহ আগামী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | (১) দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠান প্রধান (সকল) (২) ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |
| ৩। | দপ্তর/সংস্থাসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী PIC সভা যথাসময়ে আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে অনলাইনে/জুম প্লাটফর্মে PIC সভা আয়োজন নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রকল্প পরিচালক দায়ী থাকবেন। | (১) প্রকল্প পরিচালক/ সংশ্লিষ্ট কর্মকর্তা (২) দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠান প্রধান (সকল) |

০৬. পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৭/০২/২০২৩
(ড. মলয় চৌধুরী)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-**১৩৪(১/৩০)**

তারিখ: ২৪ মাঘ ১৪২৯ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/সিলেট/চট্টগ্রাম/গাজীপুর/ময়মনসিংহ/খুলনা/রংপুর/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা সিটি কর্পোরেশন।

**অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ. আ. সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার)]।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি।

07.02.2023

(মোহাম্মদ শামিছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ইমেইল: lgcc১@lgd.gov.bd